

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৫৮

আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৪

নবদিগন্ত সামাজিক সংস্থার শিশু উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
পড়াশুনার পাশাপাশি শিশুদের সংস্কৃতি ও খেলাধুলায় উৎসাহিত করতে হবে

শিশুদের ভবিষ্যৎ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে আমাদের সকলকে দায়িত্ব নিতে হবে। পড়াশুনার পাশাপাশি শিশুদের সংস্কৃতি ও খেলাধুলায় উৎসাহিত করতে হবে। একটি চারাগাছকে যেমন যত্ন করে বড় করতে হয়, তেমনি শিশুদেরকেও যত্ন করে বড় করতে হবে। আজ জয়নগরস্থিত নবদিগন্ত সামাজিক সংস্থার ৮দিনব্যাপী শিশু উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিশুদের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব থাকলেও তা যেন স্বাস্থ্যকর প্রতিযোগিতা হয় সে বিষয়ে অভিভাবকদের সচেতন থাকতে হবে। ছেলেমেয়েদের সাংস্কৃতিক ও ক্রীড়াক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রেও অভিভাবকদের সচেতন থাকতে হবে। বর্তমানে বিভিন্ন ক্লাব শিশু মেলার আয়োজন করছে তা একটি প্রশংসনীয় উদ্যোগ। ক্লাব এলাকায় শিশুদের জন্য সুস্থ পরিবেশ তৈরির ক্ষেত্রেও ক্লাবগুলিকে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। রাজ্যকে এবং দেশকে শ্রেষ্ঠ করার মানসিকতা শিশুদের মধ্যে তৈরি করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, নবদিগন্ত ক্লাব শিশুদের কল্যাণে বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণ, যোগা চর্চা পরিচালনা করছে, যা অবশ্যই প্রশংসনীয়। রাজ্যের প্রতিটি ক্লাবকে এ ধরনের সমাজ সেবামূলক কাজে এগিয়ে আসার জন্য মুখ্যমন্ত্রী আহ্বান জানান।

অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, শিশুদের সুপ্ত প্রতিভা বিকশিত করার অন্যতম মাধ্যম হচ্ছে শিশু উৎসব। পুঁথিগত বিদ্যার পাশাপাশি শিশুদের মধ্যে সাংস্কৃতিক ও ক্রীড়া চর্চারও প্রয়োজন রয়েছে। অনুষ্ঠানে এছাড়া উপস্থিত ছিলেন কর্পোরেটর জাহ্নবী দাস চৌধুরী, কর্পোরেটর তুষার কান্তি ভট্টাচার্য, নবদিগন্ত ক্লাবের সম্পাদক অভিজিৎ দত্ত এবং সভাপতি গৌতম বৈদ্য। ৮দিনব্যাপী সাংস্কৃতিক প্রতিযোগিতায় সফল প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ।
